Modhumoti Bank Limited
*Your Access to Success*

# Application to Open Account | Non Individual Account

Date: তারিখ d d m m y y y y

For Bank's Use Only/ব্যাংকের ব্যবহারের জন্য

Account Number

Unique Customer ID

Group ID

**The Manager**
**Modhumoti Bank Limited**
.................... Branch, .....

Dear Sir, (প্রিয় মহোদয়)

I/We do hereby apply for opening an account with your Branch. My/Our account related and organization's information is furnished below :
(আমি/আমরা আপনার শাখায় একটি হিসাব খোলার জন্য আবেদন করছি । আমার/আমাদের হিসাব সংক্রান্ত ও প্রতিষ্ঠানের বিস্তারিত তথ্য নিম্নে প্রদান করছি:)

## Account Related Information (হিসাব সংক্রান্ত তথ্যাদি)

1. Title of Account (In English BLOCK LETTER) : ..........
   হিসাবের শিরোনাম (বাংলায়) : ..........
2. Type of Account (Put √) হিসাবের ধরন (√ দিন) : ☐ Current চলতি ☐ SND এসএনডি ☐ ERQ ইআরকিউ ☐ Savings সঞ্চয়ী Product Name
   ☐ FC এফসি ☐ RFCD আরএফসিডি ☐ NFCD এনএফসিডি ☐ Other অন্যান্য ..........
3. Currency (Put √) / মুদ্রা (√ দিন) : ☐ Taka টাকা ☐ US Dollar ডলার ☐ Euro ইউরো ☐ GBP পাউন্ড ☐ Other অন্যান্য ..........
4. Method of Account Operation (Put √) হিসাব পরিচালনা পদ্ধতি (√ দিন) : ☐ Singly এককভাবে ☐ Jointly যৌথভাবে ☐ Anyone or Survivor যে কোনো একজন অথবা জীবিতজন
   ☐ Other অন্যান্য ..........
5. Initial Deposit Amount প্রাথমিক জমার পরিমাণ : In number (অংকে): .......... ☐ Cash নগদ ☐ Cheque No. চেক নং ..........
   In words (কথায়): ..........
6. Other Facilities (অন্যান্য সুবিধাসমূহ) : ☐ Cheque Book (চেক বই) ☐ Debit Card (ডেবিট কার্ড) Others
   ☐ Digital Banking (ডিজিটাল ব্যাংকিং) ☐ E-Statement Facility (ই-স্টেটমেন্ট সুবিধা)

## Organizational Information (প্রতিষ্ঠান সংক্রান্ত তথ্যাদি)

1. Phone Number (ফোন নম্বর) : Email (ইমেইল):
2. Name of Organization (In English BLOCK LETTER) : ..........
   প্রতিষ্ঠানের নাম (বাংলায়) : ..........
3. a) Registered Address নিবন্ধনকৃত ঠিকানা : ..........
   b) Business Address ব্যাবসা প্রতিষ্ঠানের ঠিকানা : .......... Phone (ফোন) ..........
   c) Factory/Industries Address কারখানা/শিল্পের ঠিকানা : ..........
4. Trade License No ট্রেডলাইসেন্স নম্বর : Date (তারিখ) : ..........
   Issuing Authority (ইস্যুকারী কর্তৃপক্ষ): ..........
5. Registration No নিবন্ধন নং : Date (তারিখ) : ..........
6. Registration Authority & Country নিবন্ধন কর্তৃপক্ষ ও দেশ : ..........
7. Tax ID No. (E-TIN) ই-টিন নং :
8. VAT Registration No./BIN ভ্যাট রেজিস্ট্রেশন নং/বিআইএন :
9. Type of Oganization (Put √) প্রতিষ্ঠানের ধরন (√ দিন) : ☐ Proprietorship একক মালিকানা ☐ Partnership অংশীদারী ☐ Joint Venture যৌথ উদ্যোগ
   ☐ Private Ltd. Co. প্রাইভেট লিঃ কোং ☐ Public Ltd. Co. পাবলিক লিঃ কোং ☐ Government সরকারি
   ☐ Semi Govt./ Autonomous আধা-সরকারি/স্বায়ত্বশাসিত ☐ NGO/NPO এনজিও/এনপিও ☐ Religious Institution ধর্মীয় প্রতিষ্ঠান
   ☐ Educational Institution শিক্ষা প্রতিষ্ঠান ☐ Club or Society ক্লাব বা সোসাইটি ☐ Trust ট্রাস্ট
   ☐ Other (Please specify) অন্যান্য (নির্দিষ্টভাবে উল্লেখ করুন) ..........
10. Type of Business ব্যবসার ধরণ : ☐ Trading ট্রেডিং ☐ Service সেবা ☐ Production উৎপাদন ☐ Other অন্যান্য
11. Nature of Business ব্যবসায়ের প্রকৃতি : ..........
12. Annual Turnover বার্ষিক টার্নওভার : ..........

13. Other Bank Account of the Applicant (if any) : আবেদনকারীর অন্যান্য ব্যাংক অ্যাকাউন্ট (যদি থাকে)

| Account Name | Bank Name | Branch Name |
|---|---|---|
| | | |
| | | |
| | | |

## Customer Related Information (গ্রাহক সংক্রান্ত তথ্যাদি)

(হিসাবধারী একাধিক হলে প্রত্যেকের এবং প্রত্যেক বেনিফিশিয়াল ওনার/সুবিধাভোগী এর ব্যক্তি সংক্রান্ত তথ্যাদি পৃথক সংলগ্নী হিসাবে যুক্ত করতে হবে।)

Unique Customer ID : ☐☐☐☐☐☐☐☐☐

*Photo of Account Holder (to be attested by the introducer)*
হিসাব পরিচালনাকারীর ছবি পরিচয়দানকারী কর্তৃক সত্যায়িত

1. Mobile Number : (মোবাইল নম্বর) ☐☐☐☐☐☐☐☐☐☐☐ Email (ইমেইল):

2. Name of Account Holder (i) বাংলায় : ..........
   (ii) In English (BLOCK LETTER) : ..........

3. Date of Birth (জন্মতারিখ) : d d m m y y y y   04. Gender (লিঙ্গ) : ☐ Male (পুরুষ) ☐ Female (মহিলা) ☐ Third Gender (তৃতীয় লিঙ্গ)

5. Father's Name (পিতার নাম) : ..........

6. Mother's Name (মাতার নাম) : ..........

7. Spouse's Name (স্বামী/স্ত্রীর নাম) : ..........

8. Nationality (জাতীয়তা) (হিসাবধারী বিদেশী নাগরিক হলে ভিসাসহ পাসপোর্টের কপি আবশ্যিকভাবে গ্রহন করতে হবে) : ..........   09. Residence Status (Put √) আবাসিক ধরন (√ দিন) : ☐ Resident আবাসিক ☐ Non-Resident প্রবাসী

10. Profession/Designation (পেশা/পদবী) : ..........

11. Monthly Income মাসিক আয় : ..........   12. Source of Fund (in Details) : অর্থের উৎস (বিস্তারিত) ..........

13. Tax ID Number (E-TIN) (if any) ট্যাক্স আইডি নং (ই-টিন) (প্রযোজ্য হলে) : ☐☐☐☐☐☐☐☐☐☐☐☐

14. (a) Present Address (Residence) বর্তমান ঠিকানা (আবাসস্থল) :

    (b) Permanent Address স্থায়ী ঠিকানা :

    (c) Contact/Mailing Address (যোগাযোগের ঠিকানা) :

15. Account Holder's Identity Document হিসাবধারীর পরিচিতি দলিল

| National ID Number জাতীয় পরিচয়পত্র নম্বর | |
|---|---|

or

| ☐ Passport (পাসপোর্ট) | ☐ Birth Certificate (জন্ম নিবন্ধন) | ☐ Driving License (ড্রাইভিং লাইসেন্স) |
|---|---|---|
| ID Number পরিচয়পত্র নম্বর | | |

**Introducer's Information** পরিচয়দানকারীর তথ্য *(applicable if account holder doesn't have NID)*

| | | | |
|---|---|---|---|
| Introducer's Name পরিচয়দানকারীর নাম | | DOB : | d d m m y y y y |
| Account Number হিসাব নম্বর | | | |
| NID Number of Introducer পরিচয়দানকারীর পরিচয়পত্র নম্বর | | | |
| Introducer's Signature with date পরিচয়দানকারীর স্বাক্ষর ও তারিখ | | Verified by যাচাইকৃত | |

16. Is the Customer Eligible for FATCA Compliant ? ☐ Yes ☐ No   if yes, mention US TAX ID Number or SSN
(FATCA Compliance must be Complied if he/she Eligible for that)

## Declaration & Signature :

I/We are consciously declaring that the above information is true. I/We will provide necessary information/documents as per demand of the bank.
আমি/আমরা সজ্ঞানে ঘোষণা করছি যে, উল্লেখিত তথ্যাদি সত্য। আমি/আমরা ব্যাংকের চাহিদা মোতাবেক প্রয়োজনীয় তথ্য/দলিলাদি সরবরাহ করব।

| | | |
|---|---|---|
| | | |
| 1st Applicants Name, Designation, Signature & Date আবেদনকারী(গন) এবং নাম, পদবী, স্বাক্ষর ও তারিখ | 2nd Applicants Name, Designation, Signature & Date আবেদনকারী(গন) এবং নাম, পদবী, স্বাক্ষর ও তারিখ | 3rd Applicants Name, Designation, Signature & Date আবেদনকারী(গন) এবং নাম, পদবী, স্বাক্ষর ও তারিখ |

## Probable Transaction Profile (লেনদেনের অনুমিত মাত্রা)

| Particulars of Deposit<br>জমার বিবরণ (মসিক) | Number of Monthly Deposit<br>মাসিক জমার সংখ্যা | Maximum Amount in Single Deposit<br>একক জমার সর্বোচ্চ পরিমান | Monthly Total Deposit<br>মাসিক মোট জমার পরিমান |
|---|---|---|---|
| Cash (Including Online & ATM)<br>নগদ (অনলাইন ও এটিএমসহ) | | | |
| Transfer (Instruments/Remittance/others)<br>স্থানান্তর (ইন্সট্রুমেন্ট/রেমিট্যান্স/অন্যান্য) | | | |
| Export Proceeds (রপ্তানি আয়) | | | |
| Deposit/Transfer Form BO or Stock Market (পুজি বাজার হিসাব হতে জমা/স্থানান্তর) | | | |
| Others (Specify) অন্যান্য (নির্দিষ্ট করুন) | | | |
| Total/সর্বমোট | | | |

| Particulars of Withdrawal<br>উত্তোলনের বিবরণ (মাসিক) | Number of Monthly Withdrawal<br>মাসিক উত্তোলনের সংখ্যা | Maximum Amount in Single Withdrawal<br>একক উত্তোলনে সর্বোচ্চ পরিমান | Monthly Total Withdrawal<br>মাসিক মোট উত্তোলনের পরিমান |
|---|---|---|---|
| Cash (Including Online & ATM)<br>নগদ (অনলাইন ও এটিএমসহ) | | | |
| Transfer (Instruments/Remittance/others)<br>স্থানান্তর (ইন্সট্রুমেন্ট/রেমিট্যান্স/অন্যান্য) | | | |
| Import Related Expenses (আমদানি সংক্রান্ত ব্যয়) | | | |
| Transfer to BO or Stock Market (পুজি বাজার হিসাবে জমা/স্থানান্তর) | | | |
| Others (Specify) অন্যান্য (নির্দিষ্ট করুন) | | | |
| Total/সর্বমোট | | | |

To be updated after every 6 months/when needed (৬ মাস পর পর বা প্রয়োজন অনুসারে আপডেট করতে হবে।)

Comments (মন্তব্য) :

## For Bank's Use Only/ব্যাংকের ব্যবহারের জন্য

Purpose of Opening the Account : ..............................................

Information of other Accounts of the Customer (if any) with MMBL : ..............................................

Mandatory Fields for Regulatory Reporting : Sector Code [ | | | | | | ] Type of Deposit Code: [ | | ]

Individual Borrower's Name (In BLOCK Letter) : ..............................................

Sector Code : [ | | | | | | ] Economic Purpose Code : [ | | | | | | ] Security Code : [ | | | | | | ]

How was the A/C Opened : ☐ By RM/Branch Employee ☐ By DSA ☐ By Internet ☐ Walk-in/Unsolicited

Name of the Branch Employee/DSA: [ ] RM/Employee/DSA Code: [ | | | | | | ]

Marketed By : [ ] Code : [ | | | | | | ]

- Risk level of this customer (√) : Obtained Score [ ] ☐ High Risk ☐ Low Risk

KYC Profile Risk assessment sheet must be annexed with this AOF separately alongwith all supporting documents by the branch.

Comments :

Customer may also be graded in High Risk category considering all necessary risks including 'Beneficial Owner', even if the Risk Rating is below 15. Relevant justification to be stated. In case of PEP/IP/Head of International Organization account approval of CAMLCO to be attached with AOF.

| Account opening officer | Approving Officer/BAMLCO | Branch Manager |
|---|---|---|
| Signature with date & seal with name & designation | Signature with date & seal with name & designation | Signature with date & seal with name & designation |

| | |
|---|---|
| When the account related information /TP was last reviewed / updated ? | Date: |
| Comments : | Reviewed/updated by<br>(Signature with date & seal with name & designation) |

Account Number

Unique Customer ID

# শর্তাবলীসমূহ

১) চলতি হিসাবে কোন মুনাফা প্রদান করা হবেনা।

২) সঞ্চয়ী হিসাবে নূন্যতম স্থিতির ভিত্তিতে ব্যাংকের নির্ধারিত হারে মুনাফা প্রদান করা হবে, যা সময়ে সময়ে ব্যাংকের বিজ্ঞপ্তি দ্বারা পরিবর্তনশীল।

৩) স্পেশাল নোটিশ ডিপোজিট (SND) হিসাব হতে টাকা উত্তোলনের জন্য গ্রাহক কর্তৃক নূন্যতম ৭ (সাত) দিনের নোটিশ প্রদান করতে হবে। SND হিসাবে দৈনিক সমাপনী স্থিতির ভিত্তিতে ব্যাংকের নির্ধারিত হারে মুনাফা প্রদান করা হবে।

৪) প্রতিটি হিসাবের একটি হিসাব নম্বর দেয়া হবে। এই নম্বরটি সঠিকভাবে প্রতিবার জমা এবং ব্যাংকের যেকোন যোগাযোগের জন্য ব্যবহার করতে হবে। ভুল হিসাব নম্বর লেখার জন্য কোন ক্ষতি হলে ব্যাংক দায়ী থাকবে না।

৫) চেকবই তখনই গ্রাহককে প্রদান করা হবে যখন গ্রাহক হিসাব সংক্রান্ত প্রয়োজনীয় ডকুমেন্টস ব্যাংক কে প্রদান করবেন। চেকবই নিরাপদে রাখা গ্রাহকের দায়িত্ব। গ্রাহক সবসময় তার চেকবই, ডেবিট কার্ড, পে-অর্ডার অথবা অন্যান্য ইন্সট্রুমেন্ট এমনভাবে সংরক্ষণ করবেন যাতে কোন জালিয়াতি হওয়ার সুযোগ না থাকে। এক্ষেত্রে, গ্রাহকের কোন ক্ষতির জন্য ব্যাংক দায়বদ্ধ থাকবে না। চেক বা অন্য ইন্সট্রুমেন্ট হারিয়ে গেলে বা এর কোন অপব্যবহার হলে তাৎক্ষণিকভাবে তা ব্যাংক এর শাখায় লিখিতভাবে জানাতে হবে। চেক বই এবং অন্যান্য সিকিউরিটিজ অনুমোদিত কর্মকর্তা কর্তৃক স্বাক্ষরিত/অনুস্বাক্ষরিত হলে তবেই তা বৈধ বলে গণ্য হবে।

৬) চেক হারানোর ক্ষেত্রে অথবা নষ্ট হলে গ্রাহক কর্তৃক লিখিতভাবে চেকের অর্থ পরিশোধের স্থগিতাদেশ ব্যাংক গ্রহণ করবে। সেক্ষেত্রে উদ্ভুত কোন ক্ষতি/লোকসান (আইনি খরচসহ) গ্রাহক ব্যাংক শাখাকে প্রদান করতে বাধ্য থাকবে। এক্ষেত্রে ব্যাংকের প্রচলিত সিডিউল অব চার্জ প্রযোজ্য হবে।

৭) গ্রাহক অথবা হিসাব পরিচালনাকারী কর্তৃক চেকের পাতায় প্রদত্ত স্বাক্ষর ব্যাংকে রক্ষিত নমুনা স্বাক্ষরের সাথে মিল থাকতে হবে। কোন পরিবর্তন অথবা কাটাকাটি হলে, সংশ্লিষ্ট স্থানে হিসাবধারীর পূর্ণ স্বাক্ষর দ্বারা অনুমোদন করতে হবে। চেক যদি পোষ্ট ডেটেড বা এন্টি ডেটেড, স্টেল চেক অথবা ছেঁড়া হয় তবে অর্থ পরিশোধ করা হবেনা। অপর্যাপ্ত তহবিলের জন্য চেক প্রত্যাখ্যাত হলে ব্যাংক জরিমানা আদায় করার অধিকার সংরক্ষণ করে। এক্ষেত্রে চেক দ্বারা জালিয়াতি বা প্রতারণার ফলে গ্রাহক বা অন্য কেউ ক্ষতিগ্রস্থ হলে তার জন্য কোন অবস্থাতেই ব্যাংক দায়ী হবে না।

৮) একজন গ্রাহক লিখিতভাবে যে কোন চেকের পরিশোধ বন্ধের নির্দেশনা দিতে পারেন। যদি এ নির্দেশনার যথোপোযুক্ত কারণ খুজে পায় তবে ব্যাংক কোন টাকা পরিশোধ করবেনা।

৯) ক্লিয়ারিং চেকের পজেটিভ-পে সংক্রান্ত বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা অনুযায়ী গ্রাহক কাউকে ০১ (এক) লক্ষ টাকার উর্ধ্বে চেক প্রদান করলে অবশ্যই লিখিতভাবে ব্যাংক শাখাকে অবহিত করবেন। অন্যথায় ব্যাংক চেক ফেরত পাঠাতে পারে বা গ্রাহকের নিজ দায়িত্বে তা স্বংক্রিয় নিকাশ ঘরে পাঠানো হবে।

১০) চেক/ড্রাফট/পে-অর্ডার কালেকশনের ক্ষেত্রে ব্যাংকের নথিতে গ্রাহকের নামের সাথে অভ্যন্তরীণ স্থানান্তর বা সংগ্রহের নিমিত্তে গৃহীত ইন্সট্রুমেন্ট এর বিপরীতে অর্থের প্রাপ্যতা নিশ্চিত করা ব্যাংকের দায়িত্ব নয়। কালেকশন চেকের অর্থ ব্যাংক সংগ্রহ না করা পর্যন্ত গ্রাহক তার হিসাব থেকে উক্ত অর্থ উত্তোলন করতে পারিবেন না।

১১) মানিলন্ডারিং প্রতিরোধ আইন-২০১২, মানিলন্ডারিং প্রতিরোধ (সংশোধন) আইন-২০১৫, সন্ত্রাসবিরোধী আইন-২০০৯, সন্ত্রাসবিরোধী (সংশোধন) আইন-২০১৩ এবং নিয়ন্ত্রকারী কর্তৃপক্ষ কর্তৃক বিভিন্ন সময়ে জারীকৃত সার্কুলার বর্ণিত নির্দেশনাসমূহ পরিপালনে ব্যাংক গ্রাহকের তহবিলের উৎস সম্পর্কে তথ্যানুসন্ধান করতে পারিবে এবং ব্যাংক কোম্পানী আইন-১৯৯১ অনুযায়ী নমিনী সম্পর্কে তথ্য চাইতে পারিবে।

১২) ব্যাংক সরকারি নির্দেশনামতে গ্রাহক হিসাব থেকে আবগারী শুল্ক, আয়কর ইত্যাদি আদায় করার অধিকার রাখে। যদি ভুলে কোন অপ্রদয় অর্থ গ্রাহকের হিসাবে জমা হয়, তবে ব্যাংক গ্রাহক হিসাব বিকলন (ডেবিট) করার অধিকার সংরক্ষণ করে। এক্ষেত্রে ব্যাংক গ্রাহককে তা জানাতে বাধ্য নয়।

১৩) ই-স্টেটমেন্ট:

* আমি/আমার এ ব্যাপারে সম্পূর্ণ অবগত এবং সম্মত যে ব্যাংক এনক্রিপটেড ই-মেইল ব্যবহার করে না এবং ইন্টারনেট এনক্রিপটেড নয় বা তথ্য আদানপ্রদানের জন্য নিরাপদ মাধ্যম না। ইন্টারনেটে অযাচিত ব্যক্তির মাধ্যমে তথ্যের পরিবর্তন ব্যবহার এবং প্রকাশের ঝুকি রয়েছে।
* আমি/আমরা এ ব্যাপরে অবগত এবং সম্মত যে, যেহেতু প্রতিষ্ঠানিক ঠিকানায় কোন নির্ধারিত ব্যক্তির নিকট তথ্য প্রদানের ফলে তৃতীয় পক্ষের নিকট এ তথ্যের প্রকাশ পরিবর্তন বা ব্যবহারের ঝুকি রয়েছে, সেহেতু উক্ত প্রতিষ্ঠান কর্তৃক মনোনীত ব্যক্তি বর্তমানে উক্ত প্রতিষ্ঠানে কর্মরত থাকলে ভবিষ্যতে তার কর্মস্থল পরিবর্তনের সম্ভাবনা রয়েছে। আমি/আমার ইন্টারনেট তথ্য প্রবাহের মাধ্যমে হিসাবে ব্যবহারের কারণে উক্ত তথ্যের প্রদর্শন পরিবর্তন বা ব্যবহারের ফলে সরকারি বা উক্ত ঘটনার কারনে সৃষ্টি কোন খরচ ক্ষতি দায়িত্ব থেকে ব্যাংকে সম্পূর্ণরূপে অব্যহতি দিতে সম্মত। এছাড়া তথ্য প্রবাহে কোন ভুল বা তথ্য প্রবাহে সমস্যার জন্য ব্যাংক দায়ী নয়।
* আমরা আমাদের আইনগত প্রতিনিধি, সম্পাদনকারী, উত্তরাধিকারী এ ই-স্টেটমেন্ট নিয়মাবলী পালনে আইনত বাধ্য।
* স্টেটমেন্ট ইলেক্ট্রনিক উপায়ে বা মেইলে পাঠানো হলে কাগজের স্টেটমেন্ট পাঠানো রহিত করা হবে।

১৪) আমানতকারীর মৃত্যু হলে সংশ্লিষ্ট হিসাব বন্ধ করা হবে এবং যথাযথ প্রক্রিয়া সম্পাদন সাপেক্ষে আমানতকারী কর্তৃক মনোনীত নমিনীকে প্রচলিত আইন/নিয়ম হিসাবের প্রাপ্য টাকা প্রদান করা হবে।

১৫) যদি কোন নমিনী না পাওয়া যায়, সেক্ষেত্রে আদালত কর্তৃক জারীকৃত উত্তরাধিকার প্রমাণপত্র দাখিল সাপেক্ষে আমানতকারীর আইনগত উত্তরাধিকারকে প্রাপ্য টাকা প্রদান করা হবে।

১৬) বৈদেশিক মুদ্রা হিসাব খোলা এবং পরিচালনার ক্ষেত্রে বৈদেশিক মুদ্রা নিয়ন্ত্রণ আইন-১৯৪৭, বৈদেশিক মুদ্রা লেনদেন সংক্রান্ত গাইডলাইন্স এবং বাংলাদেশ ব্যাংক কর্তৃক বিভিন্ন সময়ে জারীকৃত নির্দেশনাবলী অনুসরণ করা হবে।

১৭) যদি আমানতকারী তাঁর হিসাব সম্পর্কিত কোন তথ্য পরিবর্তন বা পরিবর্ধন করতে চায় তাহলে তাকে তাৎক্ষণিক লিখিতভাবে ব্যাংক শাখাকে জানাতে হবে।

১৮) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ ব্যাংক এবং সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক জারীকৃত গাইডলাইন্স এবং নির্দেশনাবলী অনুসরণ করা হবে।

১৯) কোন প্রকার পূর্ব ঘোষণা ব্যতিরেকে ব্যাংক যে কোন হিসাব বন্ধ/বাতিল করার অধিকার সংরক্ষণ করে। ঐ ক্ষেত্রে প্রযোজ্য চার্জ আমানকারীর হিসাব হতে কর্তন করা হবে।

২০) যথাযথ প্রক্রিয়া সম্পন্ন পূর্বক আমানতকারী তাঁর হিসাব বন্ধের অধিকার সংরক্ষণ করে। এ ক্ষেত্রে প্রযোজ্য চার্জ আমানতকারীর হিসাব হতে কর্তন করা হবে।

২১) ব্যাংক অথবা গ্রাহক কর্তৃক কোন কারণে হিসাব বন্ধ করা হলে গ্রাহক অবশ্যই অব্যবহৃত চেকবই, এটিএম কার্ড(যদি থাকে) ব্যাংকের নিকট ফেরত দিবে।

২২) যে কোন হিসাবে কোন লেনদেন অবৈধ বা প্রতারণামূলক হিসেবে ব্যাংকের নিকট সন্দেহ হলে ব্যাংক সেই লেনদেন প্রক্রিয়া প্রত্যাখান করার অধিকার সংরক্ষণ করে। প্রতারণামূলক বা অবৈধ বা সন্দেহজনক কার্যকলাপের সম্পৃক্ততা রয়েছে বা সম্পৃক্ত থাকার সম্ভাবনা রয়েছে এ ধরণের লেনদেনের ক্ষেত্রে ব্যাংকের সিদ্ধান্ত চূড়ান্ত হিসেবে বিবেচিত হবে এবং আমানতকারী তা মেনে নিতে বাধ্য থাকবে।

২৩) ব্যাংক ছুটির দিনে অথবা ব্যাংকিং সময়ের পরে সংঘটিত লেনদেন ব্যাংক হিসাবে দেখানো ব্যাংকের সম্পূর্ণ নিজস্ব বিবেচনার বিষয়, এ প্রকার লেনদেন উক্ত দিবসের পরিবর্তে পরবর্তী কর্মদিবসে লেনদেন হিসাবে দেখানো হতে পারে। এক্ষেত্রে সকল প্রকার সংযোজন, বিয়োজন পরবর্তী কর্মদিবস হতে হিসাব হবে এবং সকল প্রকার সংযুক্তি/বিযুক্তি পরবর্তী কর্মদিবসে কার্যকর হবে। এ জাতীয় বিলম্বিত সময়ের লেনদেন উক্ত দিবসের লেনদেন হিসেবে না দেখানোর ফলে উদ্ভুত গ্রাহকের যেকোন ধরণের লোকসান যেমন: মুনাফা অথবা বৈদেশিক মুনাফার বিনিময় হার, চেক ফেরত (রিটার্ন) প্রভৃতির জন্য ব্যাংক দায়ী থাকবে না।

২৪) ব্যাংকের আওতার বাইরে দৈন দূর্বিপাক/কারিগরি ত্রুটির কারণে উদ্ভুত পরিস্থিতিতে কোন বা সকল দায়িত্ব পরিপালনে অক্ষম হলে ব্যাংকের উপর বর্ণিত ধারা সমূহ কার্যকরন হবে না।

২৫। ব্যাংক প্রয়োজনে উপরোল্লিখিত শর্তসমূহ পরিবর্তন/পরিমার্জন/সংশোধন করার অধিকার সংরক্ষণ করে। এক্ষেত্রে শর্তসমূহের কোন পরিবর্তন/পরিমার্জন/সংশোধন হলে ব্যাংক নোটিশ দিয়ে গ্রাহকে অবহিত করবেন।

উপরোক্ত হিসাব এ সকল শর্তাবলী প্রয়োগ এবং ব্যাংকের বকেয়া পুনরুদ্ধার করার জন্য ব্যাংক কর্তৃক প্রদেয় সংশ্লিষ্ট সব খরচ (আইনি খরচসহ) থেকে ব্যাংক শাখাকে সম্পূর্ণভাবে দায়মুক্ত করতে সম্মত হলাম।

উপরোক্ত শর্তাবলী কোন প্রকার অবহেলা দায় প্রদর্শন বা মওকুফ উল্লিখিত শর্তাবলী কঠোরভাবে প্রয়োগে ব্যাংকের অধিকার খর্ব করবে না। লিখিতভাবে নির্দেশ না দেয়া পর্যন্ত ব্যাংকের কোন মওকুফ কার্যকর হবে না।

আমি/আমরা এই মর্মে নিশ্চয়তা প্রদান করছি যে, আমি/আমরা হিসাব সংক্রান্ত উপরোক্ত নিয়মাবলী/শর্তবলী পড়েছি এবং উক্ত নিয়মাবলী/শর্তাবলী মেনে আপনার ব্যাংকে হিসাব পরিচালনায় সম্মত হয়েছি। ভবিষ্যতে উপরোক্ত নিয়মাবলী/শর্তাবলীর কোন পরিবর্তন/সংশোধন/সংযোজন করা হলে তা মেনে নিতে বাধ্য থাকিব।

১ম আবেদনকারীর স্বাক্ষর ও তারিখ

৩য় আবেদনকারীর স্বাক্ষর ও তারিখ

২য় আবেদনকারীর স্বাক্ষর ও তারিখ

৪র্থ আবেদনকারীর স্বাক্ষর ও তারিখ